



বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল
জনশক্তি ও প্রশিক্ষণ ইউনিট
www.barc.gov.bd
নতুন বিমানবন্দর সড়ক, ফার্মগেট, ঢাকা- ১২১৫।

স্মারক নম্বর: ১২.২০.০০০০.০১৩.২৫.০০৩.২৪.৭৮

তারিখ: ৬ অগ্রহায়ণ ১৪৩১ বঙ্গাব্দ
২১ নভেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

বিষয়: নার্সভুক্ত গবেষণা প্রতিষ্ঠানের বিজ্ঞানীদের বুনিয়াদি প্রশিক্ষণে অংশগ্রহণ সংক্রান্ত।

সূত্র: কৃষি মন্ত্রণালয়ের স্মারক নম্বর-১২.২০.০০০০.০৬২.০৭.০০৭.২৪.৪৬৭; তারিখ: ২১-১০-২০২৪ খি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, এনএআরএসভুক্ত প্রতিষ্ঠানের যে সকল বিজ্ঞানী ও কর্মকর্তা এখনও বুনিয়াদি প্রশিক্ষণ গ্রহণ করেন নাই- তাদের চলতি অর্থবছর থেকে প্রশিক্ষণের আওতায় আনার প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করা হয়েছে। বিএআরসি এর পত্রের আলোকে জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি (নাটা) কর্তৃক ইতোমধ্যে চলতি অর্থবছরে দুই ব্যাচ এবং আগামী ২০২৫-২৬ অর্থবছরে মোট চার (৪) ব্যাচ বুনিয়াদি প্রশিক্ষণ আয়োজনের প্রাতিষ্ঠানিক সক্ষমতা আছে বলে মতামত প্রদান করেছে এবং প্রশিক্ষণ বাজেট প্রেরণ করেছে (কপি সংযুক্ত)। উল্লেখ্য যে, চলতি অর্থবছরে গত ১৫/০৯/২০২৪ তারিখ হতে ১ম ব্যাচ (এন-২৮তম) বুনিয়াদি প্রশিক্ষণ নাটায় চলমান আছে এবং আগামী ১৯-১-২০২৫ তারিখ হতে ১০-৫-২০২৫ তারিখ পর্যন্ত ২য় ব্যাচ (এন-২৯তম) প্রশিক্ষণ আয়োজনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে এবং বাজেটের সংস্থান আছে। এ বছর আরও একটি ব্যাচ (এন-৩০তম) বর্ণিত সময়ে যুগপৎভাবে আয়োজনের নাটা কর্তৃক প্রস্তাবিত বাজেট মোতাবেক টাকা ১.৭৫ কোটি (এক কোটি পঁচাত্তর লক্ষ মাত্র) অতিরিক্ত প্রয়োজন হবে যা ২০২৪-২৫ অর্থ বছরের বাজেটে সংস্থান নেই। আরো উল্লেখ্য যে, নাটা কর্তৃক আগামী ২০২৫-২৬ অর্থবছরে মোট চার (৪) ব্যাচ বুনিয়াদি প্রশিক্ষণ (দুইটি করে ব্যাচ যুগপৎভাবে) আয়োজন বাবদ প্রতি দুই ব্যাচের জন্য টাকা ৩.৫ কোটি হারে টাকা ৭.০ কোটি (সাত কোটি) ব্যয় হবে পত্রে উল্লেখ করেছে।

সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক

নাজমুন নাহার করিম

২১-১১-২০২৪
ড. নাজমুন নাহার করিম
নির্বাহী চেয়ারম্যান (রুটিন দায়িত্ব)
+৮৮০২-৪১০২৫২৫২

সচিব

সচিবের দপ্তর, কৃষি মন্ত্রণালয়।

দৃষ্টি আকর্ষণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

উপসচিব, গবেষণা-১ শাখা, কৃষি মন্ত্রণালয়।

স্মারক নম্বর: ১২.২০.০০০০.০১৩.২৫.০০৩.২৪.৭৮/১ (৪)

তারিখ: ৬ অগ্রহায়ণ ১৪৩১ বঙ্গাব্দ
২১ নভেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সদস্য পরিচালক, প্রশাসন ও অর্থ বিভাগ, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল।
- ২। পরিচালক, অর্থ ইউনিট, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল।
- ৩। পরিচালক, কম্পিউটার এন্ড জিআইএস ইউনিট, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল (ওয়েবসাইটে আপলোডের জন্য অনুরোধ করা হলো।।
- ৪। একান্ত সচিব, নির্বাহী চেয়ারম্যানের দপ্তর, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল।



নাজমুন নাহার করিম

২১-১১-২০২৪

ড. নাজমুন নাহার করিম
নির্বাহী চেয়ারম্যান (রুটিন দায়িত্ব)